আমাদের সময়

তারিখ ... 05 MAR 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৪...

# বিনামূল্যের বই কেজিদরে বিক্রি

বরগুনা প্রতিনিধি ●

বরগুনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের বিনামূল্যের বই বিক্রি করার দায়ে এক শিক্ষক ও এক ভ্যানচালককে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।গতকাল শুক্রবার সকাল ১১টার দিকে বরগুনা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ভ্রাম্যমাণ আদালতের বিচারক মোহাম্মদ ইব্রাহীম শিক্ষক কাজী শাহনেওয়াজকে সরকারি বিনামূল্যর বই বিক্রির দায়ে ২০ হাজার টাকা এবং ভ্যানচালক ইউসুফকে দুই হাজার টাকা জরিমানা করেন।

বরগুনা সদর থানার এএসআই মো. মনিরুল ইসলাম জানান, গত বৃহস্পতিবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে বই বিক্রি করার আগ মুহূর্তে ভ্যানচালক ইউসুফকে বইসহ আটক করা হয়। এ সময় তার কাছ থেকে বিক্রি করার উদ্দেশ্য নিয়ে যাওয়া প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত বিভিন্ন বিষয়ের সাত মণ বই জব্দ করা হয়। ইউসুফের স্বীকারোক্তি অনুযায়ী বই বিক্রির মূল হোতা শিক্ষক কাজী শাহনেওয়াজকে শনাক্ত করা হয়।

বরগুনা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ভ্রাম্যমাণ আদালতের বিচারক মোহাম্মদ ইব্রাহীম জানান, জব্দকৃত বই সদর উপজেলা প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয় কর্মকর্তাদের কাছে হস্তান্তর করা হয়েছে।